গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১১.৯৯.২১/৩১৭ তারিখ: ১৮/০৫/২০২১ খ্রি.

বিষয়: **২০২০-২০২১ অর্থবছরের সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে প্রদানের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) মাউশি, ঢাকা এর স্মারক নং-৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.৫৭, তারিখ: ০৭/০৫/২০২১ খ্রি.
(২) মাউশি, বরিশাল এর সভার স্মারক নং:৩৭.০২.১০০০.০০০.১১.৯৯.২১/৩১৬, তারিখ:১৬/০৫/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০২ নং সুত্রোক্ত স্মারকে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্ত ও অনুমোদন অনুযায়ী তাঁর জেলার উপবৃত্তি সংক্রান্ত তথ্য তালিকা সভার সিদ্ধান্ত ও অনুমোদন অনুযায়ী প্রেরণ করা হলো। সংযুক্ত তালিকা অনুযায়ী নির্বাচিত শিক্ষার্থীদের সকল তথ্য ০১ নং সুত্রোক্ত স্মারকের শর্তানুযায়ী প্রস্তুতপূর্বক G2P **পদ্ধতিতে** বৃত্তির **অর্থ** প্রদানের জন্য যথাযথভাবে বিশেষ করে শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাবসহ (হিসাব নং ১৩-১৭ ডিজিটের মধ্যে) আগামী ২০/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী ই-মেইলে (ddsecbarisal@yahoo.com) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য ২০১৯-২০২০ **অর্থবছরের সংখ্যালঘু সম্প্রদায়ের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ** G2P **পদ্ধতির** ন্যায় সংযুক্ত ছক মোতাবেক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

(মো: আনোয়ার হোসেন)
উপপরিচালক (অতি: দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

জেলা শিক্ষা অফিসার (সকল)
বরিশাল অঞ্চল, বরিশাল।

স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১১.৯৯.২১/৩১৭ তারিখ: ১৮/০৫/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। উপপরিচালক, এক্সেস এন্ডকোয়ালিটি--- ইউনিট, পরিকল্পনা উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল (তাকেঁ উক্ত কাজে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), বরিশাল অঞ্চল, বরিশাল (যথা সময়ে তথ্য প্রেরণের সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
০৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক-----------------------, বরিশাল অঞ্চল, বরিশাল (যথা সময়ে তথ্য প্রেরণের সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
০৬। সংরক্ষণ নথি।

(মো: আনোয়ার হোসেন)
উপপরিচালক (অতি: দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.৫৭

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮
০৭ মে ২০২১

প্রাপক:
আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে ১২ (বার) মাসের জন্য সংখ্যালঘু সম্প্রদায় তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদানের লক্ষ্যে কোটা বন্টন প্রসঙ্গে

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০১৬ মোতাবেক বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ বৃদ্ধিপূর্বক পুন:নির্ধারণ সংক্রান্ত আদেশের পরিপ্রেক্ষিতে এবং দেশের ০৯টি আঞ্চলিক অফিস হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১২ (বার) মাসের জন্য ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের উপবৃত্তিসমূহ নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক অঞ্চল ভিত্তিক কোটা বণ্টন করা হলো :

নির্ধারিত কোটা অনুযায়ী ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে নিয়মিত অধ্যয়নরত সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থী অনুপাতে অঞ্চল ভিত্তিক প্রাপ্য উপবৃত্তির কোটা বণ্টন বিবরণী :

| অঞ্চলের নাম | তফসিলী (হিন্দু) | বৌদ্ধ | খ্রীস্টান | সশস্ত্র বাহিনী | দৃষ্টি প্রতিবন্ধী (৬ষ্ঠ-৮ম) | দৃষ্টি প্রতিবন্ধী (৯ম-১০ম) | প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত) | অটিস্টিক | উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ৭০৮ | ০ | ১৮ | ১৬ | ২ | ১ | ৩৩ | ০ | ৮ |
| ময়মনসিংহ | ২৪৬ | ৬ | ৫১ | ৩৩ | ১৪ | ২ | ৩৭ | ০ | ৩২ |
| কুমিল্লা | ৫৮৫ | ৫৪ | ১ | ৮ | ৬ | ৭ | ১৬ | ১ | ১ |
| চট্টগ্রাম | ১৩৩ | ২৩১ | ১৭ | ৪ | ৪ | ৫ | ১৩ | ১০ | ৫৬ |
| সিলেট | ২১৪ | ১ | ৫ | ১৩ | ৮ | ০ | ৯ | ১ | ৪০ |
| রাজশাহী | ৩৭৮ | ০ | ১১২ | ৩৪ | ১৮ | ১১ | ২৮ | ৬ | ২০৫ |
| রংপুর | ১৩২ | ০ | ১১ | ৬ | ০ | ১ | ৪ | ৩ | ৮ |
| খুলনা | ৯৬৩ | ০ | ৩৯ | ১৫ | ৭ | ৬ | ৬৫ | ২ | ৪৪ |
| বরিশাল | ১১৪১ | ১২ | ১৬ | ৪৭ | ৮ | ১৬ | ২০ | ০ | ৬ |

শর্তাবলী :

| | |
|---|---|
| ১. | এই উপবৃত্তিসমূহের মেয়াদ ১২ মাস বা ০১ বছর যা ২০২১ শিক্ষাবর্ষে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে; |
| ২. | বৃত্তির ব্যয় চলতি (২০২০-২০২১) অর্থ বছরের রাজস্ব বাজেটের "১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭" বৃত্তি/মেধাবৃত্তি খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে এবং প্রকাশিত উপবৃত্তির গেজেটে উল্লিখিত খাত সঠিকভাবে ছাপাতে হবে; |
| ৩. | উল্লিখিত উপবৃত্তিসমূহের হার শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী অনুসরণীয়। |

..., নীতিমালার শর্তাবলী পালন সাপেক্ষে গঠিত কমিটি কর্তৃক অনুমোদিত ও বাছাইকৃত উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা নির্ধারণ ...ন;

৫. সংশ্লিষ্ট অঞ্চলের ওয়েবসাইটে রাজস্ব খাতভুক্ত তফসিলী উপবৃত্তি বিষয়ক একটি সেবাবক্স তৈরী করে বৃত্তির গেজেট/বিজ্ঞপ্তি/অফিস আদেশসমূহ নিয়মিত আপলোড করতে হবে এবং উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের গেজেট আগামী ০৯/০৫/২০২১ তারিখের মধ্যে প্রকাশ করবেন ও প্রতিষ্ঠান প্রধানদের অবগতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৬. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত/ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য আপলোড করা;

৭. উপবৃত্তির তালিকায় নাম রয়েছে অথচ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় এমন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে না।

৮. পাঠ বিরতী রয়েছে এরুপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে না।

৯. অনলাইন ব্যাংক হিসাব নম্বর সঠিক ও নির্ভুলভাবে পূরণ করা;

১০. তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান ও অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়ী থাকবেন;

১১. জুন, ২০২১ তারিখের মধ্যে মঞ্জুরীকৃত উক্ত উপবৃত্তির অর্থেউত্তোলনে ব্যর্থ হলে এবং কোন শর্ত ভঙ্গ বা উপবৃত্তির নীতিমালা লঙ্ঘনের জন্য বর্তমান প্রতিষ্ঠান প্রধানগণ দায়ী থাকবেন এবং এ উপবৃত্তির অর্থ পুনরায় মঞ্জুর করা হবে না;

১২. আগামী ০৯-০৫-২০১৯ তারিখের মধ্যে স্ব-স্ব অঞ্চলের ওয়েবসাইটের নির্ধারিত লিংকে প্রকাশ পূর্বক প্রকাশিত উপবৃত্তি তালিকার হার্ডকপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে;

১৩. ২০২০-২০২১ অর্থ বছরে সংখ্যালঘু সম্প্রদায় তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে সরাসরি ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের লক্ষ্যে MIS Software এর বর্ণিত লিংকে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্যাদি এন্ট্রি প্রদান করতে হবে;

<u>MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :</u>

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;

০২। পাঠ বিরতি রয়েছে এরূপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;

০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;

০৪। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে যৌথ নামই উল্লেখ করতে হবে;

০৫। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব প্রদান করা যাবে না;

০৬। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;

০৭। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;

০৮। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;

০৯। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিষ্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;

১০। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;

১১। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;

১২। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : ০৫/০৫/২০২১ খ্রি. থেকে ২০/০৫/২০২১ খ্রি. পর্যন্ত।

<u>তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :</u>

# HSP & Scholarship MIS এর URL (লিংক) : hspbd.com/HSP-MIS/login

আপনার বিশ্বস্ত,

৮-৫-২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.৫৭/১

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮
০৭ মে ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
৩) উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
৫) হিসাব রক্ষণ কর্মকর্তা,, বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। (''দেশের ০৯টি আঞ্চলিক অফিসের উপ-পরিচালক বরাবর ২০২০-২০২১ অর্থ বছরে (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত) সংখ্যালঘূ সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের উপবৃত্তির কোটা বণ্টনের অফিস আদেশ'' শিরোনামে আদেশটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
৭) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৮) সংরক্ষণ নথি।

৮-৫-২০২১
মোঃ নুরুল ইসলাম চৌধুরী
উপ-পরিচালক (একিউএইউ)